The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 14 October, 2025

আইসিসিবিতে শুরু জাতীয় ফার্নিচার মেলা

- A Monitor Desk Report



ঢাকাঃ রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরায় (আইসিসিবি) ২০তম জাতীয় ফার্নিচার মেলা শুরু হয়েছে।

'আমার দেশ, আমার আশা⊔দেশীয় ফার্নিচারে সাজাবো বাসা' স্লোগানে এ মেলার আয়োজন করেছে বাংলাদেশ ফার্নিচার শিল্প মালিক সমিতি।

মঙ্গালবার (১৪ অক্টোবর) দুপুর ১২টায় আইসিসিবির রাজদর্শন হলে এ মেলার উদ্বোধন করেন বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রপ্তানি উন্নয়ন ব্যুরোর ভাইস-চেয়ারম্যান মোহাম্মদ হাসান আরিফ ও বাংলাদেশ ফার্নিচার এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট ড. কে এম আকতারুজ্জামান।

আগামী ১৮ অক্টোবর পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত হল-১ গুলনকশা, হল-২ পুষ্পগুচ্ছ ও হল-৩ রাজদর্শন□ এ মেলা চলবে। মেলায় দর্শনার্থীরা বিনামূল্যে প্রবেশ করতে পারবেন।



এই বছরের মেলায় ৪৮টি শীর্ষস্থানীয় আসবাবপত্র কোম্পানি অংশগ্রহণ করছে। এদের মধ্যে রয়েছে হাতিল, নাভানা, পারটেক্স, অটোবি, নাদিয়া, ওমেগা, আখতার, ব্রাদার্স ও রিগ্যালের মতো বিখ্যাত ব্যান্ড।

অংশগ্রহণকারীরা সর্বাধুনিক নকশা ও পণ্যের প্রদর্শনী করবে ২৭৮টি স্টলে।

মেলার উদ্বোধনী দিনে শিশুদের নিয়ে চিত্রাজ্ঞন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এতে ২০ জন শিশুকে পুরস্কৃত করা হবে। মোট পুরস্কারের অর্থমূল্য প্রায় দুই লাখ টাকা।

মেলার সার্বিক ব্যবস্থাপনার দায়িত্বে রয়েছে ডিজাইন অ্যান্ড টেকনোলজি সেন্টার। পার্টনার হিসেবে থাকছে অ্যাকসেস ইনফোটেক।